



জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

৪৮, মতিঝিল (৫ম তলা), বা/এ, ঢাকা

Email: procure@janatabank-bd.com

ফোন: ০২-৪১০৫৩৭১৫, ৪১০৫৩৭১৬, ৪১০৭০৫১১

সূত্র: ডিজিএম/পিডি/প্রশা./পোষাক(ছাতা)/২০২৬/১৬০৪

তারিখ: ০৮.১০.২০২৬

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/

সকল বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস, ঢাকা/জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা/সকল এরিয়া অফিস/সকল শাখা/

স্টাফ কলেজ/সকল রিজিওনাল স্টাফ কলেজ ও সাবসিডিয়ারি কোম্পানী।

বিষয়: ২০২৬ সালের ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের বর্ষাকালীন ছাতার মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষ কর্তৃক ২০২৬ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে উন্নতমানের ২৬" সাইজের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়েছে।

শর্তাবলী:


- ০১। ২০২৬ সালের ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল প্রত্যেক কর্মচারীকে স্টিলের বাট, কালো রং এর কাপড় ও অন্যান্য উন্নতমানের তৈরী ২৬" সাইজের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা স্ব স্ব কর্মচারী কর্তৃক ছাতা ক্রয়ের মেমো/ভাউচার সংশ্লিষ্ট অফিসে জমা করার পর পুনঃভরণ পদ্ধতিতে যথাযথ রেজিস্টার-এ এন্ট্রি করে পরিশোধ করতে হবে।
- ০২। ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে ০১(এক) বছর অন্তর অন্তর অর্থাৎ প্রতি ০২(দুই) বছরে ০১(এক) টি ছাতার মূল্য পরিশোধ করা হয়। সুতরাং ২০২৫ সালে যারা ব্যাংক হতে ছাতার মূল্য পেয়েছেন তারা ২০২৬ ছাতা পাওয়ার যোগ্য হবেন না এবং একই ব্যক্তি যেন একাধিক ছাতার মূল্য গ্রহণের সুযোগ না পায় সে ব্যাপারে ছাতার মূল্য পরিশোধের রেজিস্টার-এ স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ০৩। পিআরএল ভোগরত কর্মচারীগণ ছাতা পাওয়ার যোগ্য হবেন না। সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন ছাতা পাওয়ার যোগ্য হবেন না। তবে সাময়িক বরখাস্তকৃত কর্মচারী পরবর্তীতে পুনর্বহাল হয়ে উক্ত সময়ের মধ্যে (২০২৬ সালে) চাকুরীতে যোগদান করলে ছাতা পাওয়ার যোগ্য হবেন।
- ০৪। নির্দেশ বিজ্ঞপ্তি নং ২০১৭ তারিখ: ১০.০১.১৯৮৭ এর আলোকে নন-ক্লারিক্যাল কর্মচারীদের চাকুরীর মেয়াদ সার্কুলার ইস্যুর তারিখ হতে ০৬(ছয়) মাস পূর্ণ হলে এই সুবিধা পাবেন।
- ০৫। প্রধান কার্যালয়ের কর্মরত স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ছাতা ক্রয়ের বিষয়ে নিশ্চিত হয়ে ছাতা ক্রয়ের মেমো/ভাউচারের পিছনে সংশ্লিষ্ট নন-ক্লারিক্যাল কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করে তা সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান পূর্বক মূল্য পরিশোধের জন্য প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট-এ প্রেরণ করতে হবে।
- ০৬। কর্মচারীগণ কর্তৃক ছাতা ক্রয় করায় সরকারী বিধি মোতাবেক ছাতার মূল্য প্রদানকালে ১৫% হারে ভ্যাট কর্তন করে তা একীভূত করে সেন্ট্রাল অফিস একাউন্টস ডিপার্টমেন্ট-এ সিআইবিটিসিএ প্রেরণ করতে হবে।
- ০৭। উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত


০৮.১০.২০২৬
(মোঃ নুরুজ্জামান)

সহকারী মহাব্যবস্থাপক


০৮.১০.২০২৬
(মোঃ আলী আশরাফ সিদ্দিকী)

উপমহাব্যবস্থাপক